# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

## পবিবো নির্দেশিকা ৬০০-১৪

## বিষয়ঃ ভারী যানবাহন/যন্ত্রপাতি ভাড়া প্রদানের নীতি-নির্দেশিকা।

১। **উদ্দেশ্যঃ**

বিদ্যুতায়ন কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়নের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড যে সকল বিশেষ ধরনের যানবাহন (যথা- ক্রেন, ট্রাক, ট্রাক্টর, লো-বয় টেইলার, পোল-ট্রেইলর, ফর্ক লিফট ইত্যাদি) ক্রয় করিয়াছে তাদের ব্যবহার, ভাড়া প্রদান ও ভাড়া আদায়ের পদ্ধতি এবং দায়িত্ব নির্ধারণ।

২। **সাধারণ নীতিমালাঃ**

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়নের কাজে নিয়োজিত ঠিকাদার ও পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নিকটই প্রধানতঃ এই সকল যানবাহন ও যন্ত্রপাতি ভাড়া প্রদান করা হইবে। বিশেষ ক্ষেত্রে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কাজে অসুবিধা না ঘটাইয়া অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানকেও ভাড়া প্রদান করা যাইবে।

৩। **চাহিদা প্রদান ও অনুমোদন পদ্ধতিঃ**

সকল ক্ষেত্রেই ব্যবহারকারীকে নির্ধারিত ছক (পরিশিষ্ট 'ক')-এ যানবাহন বা ইক্যুইপমেন্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট, কাজ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে আবেদন করিতে হইবে। ইক্যুইপমেন্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের পর যানবাহন বা ইক্যুইপমেন্ট ভাড়া দেওয়ার ব্যাপারে নির্ধারিত ছক (পরিশিষ্ট 'খ')-এ একটি অফিস আদেশ জারী করিবেন।

৩। **ভাড়ার বিপরীতে গৃহীতব্য অগ্রিম জামানতঃ**

(ক) ভাড়া প্রদানের পূর্বেই যানবাহন বা ইক্যুইপপেন্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উক্ত যানবাহনের আনুমানিক ভাড়া ও জামানতের টাকা ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে অগ্রিম গ্রহণ করিবেন। কাজ সম্পাদনের জন্য প্রদেয় প্রকৃত ভাড়া পূর্ব প্রদত্ত অগ্রিমের সহিত সমন্বয় করিয়া অতিরিক্ত অর্থ ভাড়া গ্রহণকারীকে ফেরৎ দিবেন। কাজ শেষ হওয়ার তিন (৩) দিনের মধ্যে উক্ত ঠিকাদার যানবাহনের প্রকৃত ভাড়া পরিশোধ না করিলে যানবাহন/ ইক্যুইপমেন্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা পবিবোর্ডে তাহার পাওনা বিলের উপর ১০% সারচার্জ যোগ করিয়া তাহা বিল হইতে আদায় করিবার জন্য কাজ নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অনুরোধ জানাইবেন। কাজ নিয়ন্ত্রকারীর কর্মকর্তা বিল হইতে উহা আদায়ের পর ইক্যুইপমেন্ট নিয়ন্ত্রণকারীকে অবহিত করিবেন। যানবাহন/ইক্যুইপমেন্ট এর লগ বইতে ভাড়া আদায়ের সূত্র উল্লেখ করিতে হইবে।

রিভিশনঃ

| পবিবো নির্দেশিকা ৬০০-১৪ | | | | |
|---|---|---|---|---|
| অরিজিনাল তারিখ | রিভিউড বাই | এ্যাপ্রুভড বাই | পৃষ্ঠা | রিভিশন নং |
| ১০-১১-১৯৭৯ | বাপবিবো | বাপবিবো | ১ | ৫ |
| রিভিশন তারিখ- ১৯-০৫-১৯৮১, ২৯-০৭-১৯৮২, ০৮-০৯-১৯৮৬, ২৮-০৫-১৯৯১ , ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB.

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

(খ) খুলনা কেন্দ্রীয় পণ্যাগারের অভ্যন্তরে পরিবহন ঠিকাদার ও সি এন্ড এফ এজেন্ট যে সকল ইক্যুইপমেন্ট ব্যবহার করেন সে সকল ইক্যুইপমেন্টের ভাড়া আদায়ের জন্য উপ-পরিচালক, খুলনা কেন্দ্রীয় পণ্যাগার প্রতি মাসে আদায়যোগ্য ভাড়ার তালিকা সিএসএন্ডএম পরিদপ্তরে প্রেরণ করিবেন। এই ভাড়া ব্যবহারের পর ঠিকাদারকে প্রদেয় প্রথম বিল হইতে আদায় করা হইবে। এই ক্ষেত্রে প্রদেয় বিলের উপর ১০% সারচার্জ আদায় করা হইবে না। খুলনা পণ্যাগারের অভ্যন্তরে ব্যবহৃত ইক্যুইপমেন্টের ক্ষেত্রেই শুধু এই সুবিধা প্রযোজ্য হইবে।

৫। **অনুমোদিত ব্যবহার কাল ঃ**

বিভাগীয় কাজে সরাসরি ব্যবহার (ঠিকাদারের মাধ্যমে ব্যতীত) ও খুলনা কেন্দ্রীয় পণ্যাগারের অভ্যন্তরে সকল প্রকার ব্যবহার ব্যতীত অন্য সকল ক্ষেত্রেই ইক্যুইপমেন্ট এর সর্বোচ্চ ব্যবহার কাল সূর্যালোকের স্থিতিকালের মধ্যে সীমাবদ্ধ থাকিবে। ক্রেন ও ফর্ক লিফট ব্যবহারের ক্ষেত্রে প্রতি ৪ ঘন্টা ব্যবহারের পর কমপক্ষে ১/২ ঘন্টা বিরতি দিতে হইবে। এই বিরতিকালের জন্যও ভাড়া প্রদান করিতে হইবে। বিশেষ অবস্থায় কেন্দ্রীয় পণ্যাগারের অভ্যন্তরে রাত্রে ইক্যুইপমেন্ট ব্যবহার করা যাইবে। তবে, উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার এই ক্ষেত্রে কার্যস্থলে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করিবেন।

৬। **ভাড়া হিসাবের জন্য সড়ক ও মাইলেজ নির্ধারণঃ**

ইক্যুইপমেন্ট নির্ধারিত গ্যারেজ হইতে বাহির হইয়া গ্যারেজে ফেরৎ আসা পর্যন্ত চলাচলকৃত কিলোমিটারের উপর চলাচল ভাড়া আদায় করা হইবে। সে ক্ষেত্রে রাত্রে ইক্যুইপমেন্ট ব্যবহারের অনুমতি দেওয়া হইবে না, কিন্তু গ্যারেজের বাহিরে রাখার প্রয়োজন থাকিলে সেই ক্ষেত্রে ব্যবহার করা হয় নাই এমন সময়ের জন্য ভাড়া ধার্য্য করা হইবে না। তবে নির্ধারিত গ্যারেজে ফেরৎ আসার জন্য রাত্রে ইক্যুইপমেন্ট চলাচলের প্রয়োজন হইলে সূর্য্যাস্তের পরে চলাচলকৃত দূরত্বের উপর যথাবিহিত চলাচল ভাড়া ধার্য্য করা হইবে। চলাচালকালীন সময়ের জন্য ঘন্টা ভিত্তিক ভাড়া আরোপিত হইবে না, সেই ক্ষেত্রে কেবলমাত্র চলাচল ভাড়া ধার্য্য করা হইবে।

৭। **অনুরোধকারী যথাযথ কর্তৃপক্ষঃ**

(ক) খুলনা কেন্দ্রীয় পণ্যাগারের অভ্যন্তরে সকল প্রকার ব্যবহারের ক্ষেত্রে উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, খুলনা ভাড়া প্রদানের অনুমোদন প্রদান করিবেন।

(খ) বিভাগীয় ব্যবহারের ক্ষেত্রে এবং সমিতি কর্তৃক ব্যবহারের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকগণ নিয়ন্ত্রণাধীন ইক্যুইপমেন্ট ব্যবহারের প্রশাসনিক অনুমোদন প্রদান করিবেন।

রিভিশনঃ

| পবিবো নির্দেশিকা ৬০০-১৪ | | | | |
|---|---|---|---|---|
| অরিজিনাল তারিখ | রিভিউড বাই | এ্যাপ্রুভড বাই | পৃষ্ঠা | রিভিশন নং |
| ১০-১১-১৯৭৯ | বাপবিবো | বাপবিবো | ২ | ৫ |
| রিভিশন তারিখ- ১৯-০৫-১৯৮১, ২৯-০৭-১৯৮২, ০৮-০৯-১৯৮৬, ২৮-০৫-১৯৯১ , ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollah)
Asst. Secy. (Board), BREB.

(গ) অন্যান্য ক্ষেত্রেও তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকগণ নিয়ন্ত্রণাধীন ইক্যুইপমেন্ট ভাড়া প্রদানের অনুমোদন করিবেন। বাহিরের সংস্থা/ প্রতিষ্ঠানের নিকট ভাড়ায় প্রদানের ক্ষেত্রে কার্যক্ষেত্র এবং কাজের ধরন পর্যালোচনা করিয়া "আবেদনকারী কর্তৃক ব্যবহার ইক্যুইপমেন্টের জন্য ঝুঁকিপূর্ণ নয়"-এই মর্মে উপ-পরিচালক/ নির্বাহী প্রকৌশলীর সুপারিশ থাকিতে হইবে। প্রয়োজন-বোধে এই সকল ক্ষেত্রে সহকারী প্রকৌশলী বা কোন কর্মকর্তা কর্তৃক কার্যক্ষেত্র পরিদর্শন করার ব্যবস্থা করা যাইতে পারে।

(ঘ) ৪০ ফুটের কম দৈর্ঘ্যের খুঁটি পরিবহনের জন্য পোল ট্রেইলার ব্যবহারের এবং ১০ টনের কম মাল বহনের বা পাওয়ার ট্রান্সফরমার ছাড়া লো-বয়-ট্রেইলার ব্যবহারের অনুমোদন দেওয়া যাইবে না। তবে সাধারণ ট্রাকে পরিবহনযোগ্য নয় এমন বিরাটাকৃতির মাল ১০ টনের কম হইলেও লো-বয় ট্রেইলার ভাড়া দেওয়া যাইবে।

৮। **লগ বইয়ে স্বাক্ষর ও লগ বই পরীক্ষা ঃ**

ইক্যুইপমেন্ট ভাড়ায় ব্যবহার করার পর ভাড়া প্রদানকারী ও কাজ তদারককারী উভয়েই লগ হইয়ে স্বাক্ষর করিয়া স্পষ্টাক্ষরে তাহাদের নাম ও পদবী লিপিবদ্ধ করিবেন। ইক্যুইপমেন্ট নিযুক্তকারী কর্মকর্তা সময়ে সময়ে লগ বই পরীক্ষা করিয়া দেখিবেন এবং ইহার প্রমাণস্বরূপ লগ বইয়ে অনুস্বাক্ষর করিবেন এবং অনাদায়ী ভাড়া আদায় নিশ্চিত করিবেন।

৯। **ইক্যুইপমেন্ট এর নিরাপত্তা, ব্যবহারস্থল ও চলাচলের পথঃ**

যে স্থানে ইক্যুইপমেন্ট ব্যবহৃত হইবে কিংবা যে সকল স্থানে ইক্যুইপমেন্টটি চলাচল করিবে, ইক্যুইপমেন্ট এর নিরাপত্তার স্বার্থে সেই স্থানে সড়ক উন্নয়নের প্রয়োজন হইলে ভাড়া গ্রহণকারী তাহার নিজ খরচে সম্পাদন করিতে বাধ্য থাকিবেন। ক্রেন ব্যবহারের ক্ষেত্রে ব্যবহার স্থলে মাল উত্তোলনের জন্য ক্রেনের ভার বহন উপযোগী কোন প্যাড তৈরীর প্রয়োজন পড়িলে ভাড়া গ্রহণকারীকে নিজ খরচে তাহা সম্পন্ন করিতে হইবে। ভাড়ার কাজ চলাকালীন বাপবিবো'র নিজস্ব কাজে প্রয়োজন হইলে কিংবা তদারককারী/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তা অকুস্থলে সংশ্লিষ্ট কাজটি চালাইয়া যাওয়া ইক্যুইপমেন্টের জন্য বিপদ জনক/ ক্ষতিকর মনে করিলে তিনি বিনা নোটিশে ইক্যুইপমেন্টটি প্রত্যাহার করিতে পারিবেন। এই ব্যাপারে ভাড়া গ্রহণকারীর কোন ক্ষতিপূরণের দাবী গ্রাহ্য হইবে না। ইক্যুইপমেন্ট এর নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে বাপবিবো'র তদারককারী কিংবা নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১০। ক্রেন ব্যবহারের সময় গ্রোভের ক্ষেত্রে কমপক্ষে উপ-সহকারী প্রকৌশলী ও টাডানোর ক্ষেত্রে লাইন নির্মাণ ইন্সপেক্টর/ষ্টোর ক্লার্ক পর্যায়ের একজন কর্মচারী বাপবিবো'র পক্ষ হইতে ইক্যুইপমেন্টের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত থাকিবেন। অন্যান্য ইক্যুইপমেন্টে একজন মাষ্টার রোলে নিয়োজিত হেলপার ড্রাইভারের সহিত থাকিবেন।

রিভিশনঃ

| পবিবো নির্দেশিকা ৬০০-১৪ | | | | |
|---|---|---|---|---|
| অরিজিনাল তারিখ | রিভিউড বাই | এ্যাপ্রুভড বাই | পৃষ্ঠা | রিভিশন নং |
| ১০-১১-১৯৭৯ | বাপবিবো | বাপবিবো | ৩ | ৫ |
| রিভিশন তারিখ- ১৯-০৫-১৯৮১, ২৯-০৭-১৯৮২, ০৮-০৯-১৯৮৬, ২৮-০৫-১৯৯১ , ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD.TAPP. BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

১১। ইক্যুইপমেন্টের হেলপার, অপারেটর ও তদারককারী কর্মচারী/ কর্মকর্তার সাইটে অবস্থানে ও নিরাপত্তার যাবতীয় ব্যবস্থা ভাড়া গ্রহণকারী তাহার খরচে করিবেন।

১২। নির্ধারিত গ্যারেজ হইতে কার্যস্থল পর্যন্ত যাওয়া-আসা বাবদ প্রয়োজনীয় যাবতীয় কর (যেমন- টোল,ফেরী পারাপার যদি প্রয়োজন হয়) ভাড়া গ্রহণকারী প্রদান করিবেন।

১৩। **ইক্যুইপমেন্ট ভাড়ার হার (সকলের জন্য প্রযোজ্য)ঃ**

| ইক্যুইপমেন্টের বিবরণ | পণ্যাগারের অভ্যন্তরে | পণ্যাগারের বাহিরে | | |
|---|---|---|---|---|
| | ভাড়া প্রতি ঘন্টা (টাকা) | ভাড়া প্রতি ঘন্টা (টাকা) | চলাচল ভাড়া প্রতি কিঃমিঃ (টাকা) | প্রতিদিনের সর্বনিম্ন ভাড়ার হার (চলাচল ভাড়া ছাড়া) |
| ১৮ টন গ্রোভ ক্রেন | ৩,৫০০.০০ | ৩,৫০০.০০ | ৩৫০.০০ | ১৪,২০০.০০ |
| ১০ টন টাডানো | ২,৩৫০.০০ | ২,৩৫০.০০ | ২৩৫.০০ | ৯,৪০০.০০ |
| ফর্ক লিফট | ৮৬০.০০ | ৮৬০.০০ | ৯০.০০ | ৩,৪৫০.০০ |
| ৩০ টন গ্রোভ ক্রেন | | | | |
| ৬০ টন গ্রোভ ক্রেন | | | | |

*** ইক্যুইপমেন্টের ভাড়ার ক্ষেত্রে সময়ে সময়ে সিএসএন্ডএম পরিদপ্তর কর্তৃক নির্ধারিত হার প্রযোজ্য হবে।**

খুলনা ওয়্যারহাউজ/ইক্যুইপমেন্ট ষ্টেশনে কাজের জন্য সর্বনিম্ন ভাড়া প্রযোজ্য হইবে না। প্রকৃত ব্যবহারকালীন সময়ের জন্য ভাড়া আদায় করা হইবে। এই সকল ক্ষেত্রে চলাচলের ভাড়া আদায় করা হইবে না। ভাড়ায় প্রদানকৃত সকল ইক্যুইপমেন্টের জ্বালানী ও মেরামত বিভাগীয় ব্যয়ে নির্বাহ করা হইবে।

পন্যাগারের বাহিরে ভাড়া দেওয়া হইলে প্রতিদিন যতক্ষণই ব্যবহার করা হউক না কেন দিনরাত্রি সর্বনিম্ন ভাড়া প্রদান করিতে হইবে।

১৪। **ভারী যানবাহন/যন্ত্রপাতি ব্যবহারকালে যান্ত্রিক ত্রুটি ব্যতীত অন্য কোন ক্ষতির ক্ষেত্রে মেরামত খরচ প্রদানঃ**

ক) পবিস কর্তৃক বিভাগীয় ব্যবহারের সময় ক্ষতিগ্রস্থ হইলে শুধুমাত্র ব্যবহারের অর্থ গ্রহণ এবং বাপবিবোর্ডের অর্থে মেরামতকরণ;

খ) পবিবোর্ডের কোন ঠিকাদারী প্রতিষ্ঠান বা সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহারকালে ক্ষতিগ্রস্থ হইলে উহা মেরামতের প্রকৃত খরচ উক্ত ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিকট হইতে আদায়করণ।

গ) বাহিরের অন্য কোন প্রতিষ্ঠান শুধুমাত্র ক্রেন বা ফর্ক লিফট ব্যবহারকালে ক্ষতিগ্রস্থ হইলে উহার মেরামতের প্রকৃত খরচ উক্ত ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিকট হইতে আদায়করণ।

রিভিশনঃ

| পবিবো নির্দেশিকা ৬০০-১৪ | | | | |
|---|---|---|---|---|
| অরিজিনাল তারিখ | রিভিউড বাই | এ্যাপ্রুভড বাই | পৃষ্ঠা | রিভিশন নং |
| ১০-১১-১৯৭৯ | বাপবিবো | বাপবিবো | ৪ | ৫ |
| রিভিশন তারিখ- ১৯-০৫-১৯৮১, ২৯-০৭-১৯৮২, ০৮-০৯-১৯৮৬, ২৮-০৫-১৯৯১ , ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

১৫। **পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ব্যবহারের ক্ষেত্রেঃ**

শুধুমাত্র মাস্টার রোলে নিয়োজিত হেলপার/শ্রমিকের মজুরী সমিতি প্রদান করিবে।

১৬। কোন অবস্থাতেই ভাড়া গ্রহণকারী অন্য কাহাকেও বা অনুমোদিত কাজ ছাড়া অন্য কোন কাজে ইক্যুইপমেন্ট ব্যবহার করিতে পরিবেন না । কেহ এই নিয়ম ভঙ্গ করিলে সাথে সাথে ইক্যুইপমেন্ট প্রত্যাহার করা হইবে এবং ইতিমধ্যে ব্যবহার করা হইলে দ্বিগুণ হারে ভাড়া দিতে হইবে।

১৭। যেহেতু বাপবিবো জ্বালানী ও লুব্রিকেন্ট সরবরাহ করিবে সেহেতু উহার মূল্য বৃদ্ধির সংগে সংগে অনুচ্ছেদ-১৩ এ উল্লেখিত যানবাহন/ইক্যুইপমেন্ট এর ভাড়ার হার পুনঃ নির্ধারণ করা হইবে।

সংযুক্তিঃ ১। পরিশিষ্ট-'ক' (আবেদনের ফরম)

২। পরিশিষ্ট-'খ' (অফিস আদেশের নমুনা কপি)

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

রিভিশনঃ

| পবিবো নির্দেশিকা ৬০০-১৪ | | | | |
|---|---|---|---|---|
| অরিজিনাল তারিখ | রিভিউড বাই | এ্যাপ্রুভড বাই | পৃষ্ঠা | রিভিশন নং |
| ১০-১১-১৯৭৯ | বাপবিবো | বাপবিবো | ৫ | ৫ |
| রিভিশন তারিখ- ১৯-০৫-১৯৮১, ২৯-০৭-১৯৮২, ০৮-০৯-১৯৮৬, ২৮-০৫-১৯৯১ , ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

পরিশিষ্ট-'ক'

# বাপবিবো নির্দেশিকা ৬০০-১৪

## যানবাহন/ যন্ত্রপাতি ভাড়া গ্রহণের আবেদন ফর্ম।

প্রতি,
যানবাহন/ যন্ত্রপাতি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা
(কাজ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে)

ঠিকাদারের নামঃ ____________________
ঠিকানাঃ ____________________

ভাড়ায় গ্রহণতব্য যানবাহন/ যন্ত্রপাতির নাম ও বিবরণঃ ____________________
যে কাজে ব্যবহৃত হবেঃ ____________________

যন্ত্রপাতির ব্যবহার শুরুর তারিখঃ __________ মোটঃ __________ দিনের জন্য।
অনুমানিক ভাড়া ও জামানত বাবদ-------------টাকার ডিমান্ড ড্রাফ্ট নং------------- তারিখ-------------ব্যাংক অত্রসাথ সংযুক্ত করা হলো।

কাজ চলাকালীন আমাদের অবহেলাজনিত কারণে ভাড়াকৃত যানবাহন/যন্ত্রপাতির কোন ক্ষতি সাধিত হলে, তার জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী থাকবে।

ঠিকাদারের স্বাক্ষরঃ __________ তারিখঃ __________
সুপারিশকারীর স্বাক্ষরঃ __________ তারিখঃ __________
অনুমোদনকারীর স্বাক্ষরঃ __________ তারিখঃ __________

## (২য় অংশ)

বিলিং তথ্যাদিঃ

যন্ত্রপাতি ভাড়া দেয়ার তারিখঃ __________ ফেরৎ এর তারিখঃ __________
ব্যবহারকালঃ __________ দিন। ব্যবহৃত জ্বালানীর পরিমাণ __________

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরঃ __________

## (৩য় অংশ)

বিল = ভাড়া প্রতিদিন ------------------টাকা x----------দিন মোট টাকাঃ------------------------
(কথায়ঃ---------------------------)

বিল প্রস্তুতকারীঃ--------------------------------------------- তারিখঃ--------------------------------------------------

বিল পরীক্ষাকারীঃ --------------------------------------------- তারিখঃ--------------------------------------------------

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭

# বাপবিবো নির্দেশিকা ৬০০-১৪

যানবাহন/যন্ত্রপাতি ভাড়া দেয়ার অফিস আদেশ (নমুনা কপি)।

স্মারক নং..........................................
তারিখঃ..........................................

প্রতি,

ভাড়ায় গ্রহণকারী ঠিকাদারের নাম
ঠিকানা

বিষয়ঃ...(যন্ত্রপাতির নাম) ভাড়া প্রদান প্রসঙ্গে।
সূত্রঃ..........................................।

প্রিয় মহোদয়,

উদ্ধৃত সূত্রের প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানের অনুকূলে (যন্ত্রপাতির নাম) প্রতি ঘন্টা.........টাকা হারে .........দিনের জন্য ভাড়া প্রদান করা হলো।

ব্যবহার শেষে (যন্ত্রপাতির নাম) অত্র দপ্তরের ক্যাম্পাসে/ গ্যারেজে ফেরৎ পাঠানোসহ ০৩ (তিন) দিনের মধ্যে ভাড়া প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বাপবিবো'র ভারী যানবাহন/ যন্ত্রপাতির ভাড়া প্রদানের নীতি-নির্দেশিকা ৬০০-১৪ এর ভাড়া গ্রহণকারীর জন্য সংশ্লিষ্ট শর্তাবলী আপনার প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

বিঃদ্রঃ- যন্ত্রপাতি ভাড়া দেয়ার আদেশে স্বাক্ষরকারী কর্মকর্তা এ নমুনা প্রয়োজন মোতাবেক সংযোজন/ বিয়োজন করতে পারবেন।

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB.

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB,

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০